গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি পার্বত্য জেলা

**Website: www.khdc.gov.bd**

## খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

**ভূমিকা :**

খাগড়াছড়ি পার্বত্য জেলায় বসবাসরত সকল নাগরিকের রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, শিক্ষা ও অর্থনৈতিক অধিকার সমুন্নত এবং আর্থ-সামাজিক উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তক ১৯৮৯ সনের ২০নং আইন দ্বারা খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ গঠিত হয়। পরবর্তীতে বিভিন্ন ইস্যু ভিত্তিক উল্লিখিত আইন আংশিক সংশোধিত হলেও ১৯৯৭ সালের ২রা ডিসেম্বর পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটি এবং পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে সম্পাদিত পার্বত্য চট্টগ্রাম চক্তির আলোকে (১৯৯৮ সনের ১০নং আইন দ্বারা) অধিকাংশ ধারা সংশোধন-সংযোজন ও প্রতিস্থাপনের মাধ্যমে এ পরিষদকে অধিকতর ক্ষমতা ও দায়িত্ব ন্যস্ত করা হয়। সংশোধিত আইন অনযায়ী খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ এর নাম "খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ" এ রূপান্তরিত হয়।

**খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ গঠনের প্রেক্ষাপট :-**

- ভৌগোলিক অবস্থান, বিভিন্ন নৃতাত্ত্বিক জনগোষ্ঠীর বাসস্থান, তাঁদের নিজস্ব ভাষা ও সাংস্কৃতিক ঐতিহ্য এবং সকল সম্প্রদায়ের সহাবস্থানের প্রেক্ষিত বিবেচনায় খাগড়াছড়ি পার্বত্য জেলা বাংলাদেশের একটি বৈচিত্র্যময় এলাকা হিসেবে বিবেচিত।

- বাংলাদেশের স্বাধীনতা পরবর্তী বিশেষ করে বিগত শতকের আশি ও নব্বই এর দশকে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বিরাজমান পরিস্থিতির কারণে এ এলাকা বহু বছর ধরে উন্নয়নের মূল স্রোতধারার বাইরে ছিল।

- সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক-সাংস্কৃতিক উন্নয়নকল্পে ১৯৮৯ সালে সরকার বিশেষ উদ্যোগ গ্রহণ করে এবং তিন পার্বত্য জেলায় তিনটি পৃথক স্থানীয় সরকার পরিষদ গঠন করে।

- খাগড়াছড়ি স্থানীয় সরকার পরিষদ ৬ মার্চ, ১৯৮৯ তারিখে বাংলাদেশ জাতীয় সংসদে আইন পাশের মাধ্যমে গঠিত হয়।

- ২৫ জুন, ১৯৮৯ তারিখে খাগড়াছড়ি স্থানীয় সরকার পরিষদে প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয় এবং একজন চেয়ারম্যান (উপজাতি), একুশ জন সদস্য (উপজাতি) ও নয় জন সদস্য (বাঙালী) নিয়ে প্রথম পরিষদ গঠিত হয়। খাগড়াছড়ি স্থানীয় সরকার পরিষদ ১০ জুলাই, ১৯৮৯ তারিখে যাত্রা শুরু করে ।

- ২ ডিসেম্বর, ১৯৯৭ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটি এবং পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির মধ্যে স্বাক্ষরিত চুক্তি মোতাবেক খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নাম পরিবর্তন করে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ নামকরণ করা হয়।

- প্রতিষ্ঠালগ্ন হতেই খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ জেলার সকল সরকারী দপ্তর এবং এনজিও সমূহের কাজের মধ্যে সমন্বয়ের দায়িত্ব পালন করে আসছে।

- এলাকার জনগণের দীর্ঘ মেয়াদী লক্ষ্য ও প্রত্যাশা অর্জনের সক্ষম হওয়ায় খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এ জেলার জনগণের কাছে উন্নয়ন ও প্রশাসনের কেন্দ্রবিন্দু হিসেবে বিবেচিত হচ্ছে।



৮৪.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি পার্বত্য জেলা

**Website: www.khdc.gov.bd**

## খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য :-

- জেলার আইন-শংখলার তত্ত্বাবধান, সংরক্ষণ ও উহার উন্নতি সাধন।
- উপজাতীয় রীতিনীতি অনুসারে সামাজিক, সাংস্কৃতিক ও উপজাতীয় বিষয়ক বিরোধের বিচার;
- জেলার স্থানীয় কর্তৃপক্ষ সমূহের উন্নয়নমূলক কর্মকান্ডের সমন্বয় সাধন; উহাদের উন্নয়ন প্রকল্প সমূহের বাস্তবায়ন পর্যালোচনা ও হিসাব নিরীক্ষণ; উহাদিগকে সহায়তা, সহযোগিতা ও উৎসাহ দান।
- বিশেষ এলাকা হিসেবে এখানে বসবাসরত পশ্চাৎপদ নৃতাত্ত্বিক জনগোষ্ঠী ও বাঙ্গালী জনসাধারণের জীবনমানের উন্নয়ন।
- এ জেলার জনগণের রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক ও শিক্ষার অধিকারের উন্নয়ন সাধন এবং আর্থ-সামাজিক উন্নয়নের জন্য ব্যবস্থা গ্রহণ।
- স্থানীয় লোকজন ও সংস্থার সমূহের সক্ষমতা, দক্ষতা ও উন্নয়ন বৃদ্ধিতে সহায়তা করণ।
- মহিলা, যুবক এবং কৃষকদের ক্ষুদ্র ক্ষুদ্র স্থানীয় উদ্যোগ ও প্রচেষ্টা সমূহের অর্থনৈতিক সম্ভাবনা বৃদ্ধিতে সহায়তা করণ।
- স্থানীয় প্রেক্ষিত বিবেচনায় ফলপ্রসু শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের মাধ্যমে সকল জনগোষ্ঠির শিক্ষার হার ও শিক্ষার গুণগত মান বৃদ্ধি।
- তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য, পুষ্টি ও প্রসূতি সেবা পৌঁছে দেয়া।
- এ অঞ্চলে শান্তি সৌহার্দ্য পূর্ণ পরিবেশ তৈরীতে সহায়তা করণ।

## পার্বত্য জেলা পরিষদের গঠন :-

- চেয়ারম্যান - ১(এক) জন (উপজাতীয়)
- সদস্য -৩০(ত্রিশ) জন (২১ জন উপজাতীয় ৯ জন অউপজাতীয়)
- মহিলা সদস্য (সংরক্ষিত) - ৩ (তিন) জন (২ জন উপজাতীয় এবং ১ জন অউপজাতীয়)

## সম্প্রদায়ভিত্তিক প্রতিনিধিত্বশীল সদস্যসহ পরিষদের আকৃতি :

| | |
|---|---|
| • চেয়ারম্যান (উপজাতীয়) | ১(এক) জন। |
| • সদস্য (ক) অ-উপজাতীয় | ৯(নয়) জন। |
| (খ) উপজাতীয় | ২১(একুশ) জন। |
| ১) চাকমা | ৯(নয়) জন। |
| ২) মারমা | ৬(ছয়) জন। |
| ৩) ত্রিপুরা | ৬(ছয়) জন। |
| (গ) মহিলা সদস্য (সংরক্ষিত) | ৩(তিন) জন |

(২জন উপজাতীয়, ১ জন অ-উপজাতীয়)।

**সর্বমোট সদস্য : ৩৩(তেত্রিশ) জন।**

☎ চেয়ারম্যান ঃ ০৩৭১-৬১৬৩৩/৬১৪৪০, প্রধান নির্বাহী কর্মকর্তাঃ ০৩৭১-৬১৮৩২/৬১৮৩১, পিএবিএক্স ঃ ০৩৭১-৬১৯৩৪, ফ্যাক্স ঃ ০৩৭১-৬১৮৭৮, e-mail : ceokhdc@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি পার্বত্য জেলা

**Website: www.khdc.gov.bd**

## অন্তর্বর্তীকালীন পরিষদ :-

একজন চেয়ারম্যান ও চৌদ্দ জন সদস্য সমন্বয়ে অন্তর্বতীকালীন পরিষদ গঠন করতে পারেন।

২০১৭-১৮ সালে দায়িত্ব পালনকারী অন্তর্বর্তীকালীন পরিষদ :-

| ক্র: নং | অন্তর্বর্তীকালীন পরিষদ | কার্যকাল | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | বাবু কংজরী চৌধুরী -চেয়ারম্যান | ২৯/০৩/২০১৫ হতে অদ্যাবধি। | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনায়, বাবু পার্থ ত্রিপুরা অত্র পরিষদে সদস্য পদে যোগদান করেন। |
| ২। | জনাব জাহেদুল আলম - সদস্য | | |
| ৩। | জনাব মো: আব্দুল জব্বার - সদস্য | | |
| ৪। | বাবু নির্মলেন্দু চৌধুরী - সদস্য | | |
| ৫। | বাবু খোকনেশ্বর ত্রিপুরা - সদস্য | | |
| ৬। | বাবু খগেশ্বর ত্রিপুরা - সদস্য | | |
| ৭। | বাবু আশুতোষ চাকমা - সদস্য | | |
| ৮। | বাবু সতীশ চাকমা - সদস্য | | |
| ৯। | বাবু জুয়েল চাকমা - সদস্য | | |
| ১০। | বাবু মংক্যচিং চৌধুরী - সদস্য | | |
| ১১। | বাবু মংসুইপ্রু চৌধুরী - সদস্য | | |
| ১২। | বাবু রেম্রাচাই চৌধুরী - সদস্য | | |
| ১৩। | মিজ শতরূপা চাকমা - সদস্য | | |
| ১৪। | বেগম নিগার সুলতানা - সদস্য | | |
| ১৫। | বাবু পার্থ ত্রিপুরা -সদস্য | | |

## খাগড়াছড়ি পার্বত্য জেলায় পরিষদের অধীনে হস্তান্তরিত বিভাগ/বিষয় সমূহের তালিকা :-

| ক্র:নং | হস্তান্তরিত দপ্তর/সংস্থার নাম | হস্তান্তরিত হওয়ার সন |
|---|---|---|
| ১। | বাজার ফান্ড প্রশাসন; | ১৯৮৯ |
| ২। | কৃষি সম্প্রসারণ বিভাগ; | ১৯৯০ |
| ৩। | স্বাস্থ্য বিভাগ; | ১৯৯০ |
| ৪। | পরিবার পরিকল্পনা বিভাগ; | ১৯৯০ |
| ৫। | প্রাথমিক শিক্ষা বিভাগ; | ১৯৯০ |
| ৬। | সমবায় বিভাগ; | ১৯৯৩ |
| ৭। | সমাজ সেবা বিভাগ; | ১৯৯৩ |
| ৮। | মৎস্য বিভাগ; | ১৯৯৩ |
| ৯। | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ; | ১৯৯৩ |
| ১০। | প্রাণিসম্পদ বিভাগ; | ১৯৯৩ |
| ক্র:নং | হস্তান্তরিত দপ্তর/সংস্থার নাম | হস্তান্তরিত হওয়ার সন |

| | | |
|---|---|---|
| ১১। | ক্রীড়া বিভাগ; | ১৯৯৩ |
| ১২। | জেলা শিল্পকলা একাডেমী; | ১৯৯৩ |
| ১৩। | ক্ষুদ্র নৃ-গোষ্ঠির সাংস্কৃতিক ইনস্টিটিউট; | ১৯৯৩ |
| ১৪। | জেলা সরকারি গণগ্রন্থাগার; | ১৯৯৩ |
| ১৫। | ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা (বিসিক); | ১৯৯৩ |
| ১৬। | যুব উন্নয়ন অধিদপ্তর; | ২০১১ |
| ১৭। | হর্টিকালচার বিভাগ; | ২০০৭ |
| ১৮। | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি); | ২০১২ |
| ১৯। | প্রকৌশল অধিদপ্তর; | ২০১২ |
| ২০। | সরকারী শিশু সদন; | ২০১২ |
| ২১। | তুলা উন্নয়ন বোর্ড; | ২০১২ |
| ২২। | রামগড় মৎস্য হ্যাচারি; | ২০১২ |
| ২৩। | জুমচাষ; | ২০১৩ |
| ২৪। | মাধ্যমিক শিক্ষা বিভাগ; | ২০১৪ |
| ২৫। | স্থানীয় পর্যটন; | ২০১৪ |
| ২৬। | জেলা উন্নয়ন কমিটি; | ১৯৯০ |
| ২৭। | পৌরসভা ও ইউনিয়ন পরিষদ ব্যতীত ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট ও অন্যান্য শাসন সংক্রান্ড় প্রতিষ্ঠান; | ২০১৪ |
| ২৮। | স্থানীয় শিল্প বাণিজ্যের লাইসেন্স; | ২০১৪ |
| ২৯। | জন্ম-মৃত্যু ও অন্যান্য পরিসংখ্যান; | ২০১৪ |
| ৩০। | মহাজনী কারবার; | ২০১৪ |

**জনবল কাঠামো :-**

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে চেয়ারম্যানের নেতত্বে উপসচিব পদমর্যাদার একজন প্রধান নির্বাহী কর্মকর্তা এবং প্রশাসন, প্রকৌশল এবং ভূমি বিভাগ নামে ৩টি বিভাগ রয়েছে। প্রশাসন বিভাগে সিনিয়র সহকারী সচিব পদ মর্যাদার একজন নির্বাহী কর্মকর্তা, প্রকৌশল বিভাগে একজন নির্বাহী প্রকৌশলী এবং ভূমি বিভাগের একজন সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব পদমর্যাদার একজন ভূমি কর্মকর্তা রয়েছে। প্রশাসন বিভাগের হিসাব ও নিরীক্ষা শাখাসহ অন্যন্য অনেকগুলো শাখা রয়েছে। খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী ১ম শ্রেণীর পদ ০৭টি, ২য় শ্রেণীর পদ ৬টি, ৩য় শ্রেণীর পদ ২৪টি এবং ৪র্থ শ্রেণীর পদ ৩৪টি, মোট- ৭১(একাত্তর)টি পদ রয়েছে। উল্লিখিত পদের বাইরে কিছু অর্গানোগ্রাম বহির্ভত কিছু কর্মচারী রয়েছে। তাছাড়া প্রকল্প ভিত্তিক কিছু অস্থায়ী কর্মকর্তা/কর্মচারী নিয়োজিত রয়েছে।

**পরিষদের আয়ের উৎস :-**

☎ চেয়ারম্যান ঃ ০৩৭১-৬১৬৩৩/৬১৪৪০, প্রধান নির্বাহী কর্মকর্তাঃ ০৩৭১-৬১৮৩২/৬১৮৩১, পিএবিএক্স ঃ ০৩৭১-৬১৯৩৪, ফ্যাক্স ঃ ০৩৭১-৬১৮৭৮, e-mail : ceokhdc@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি পার্বত্য জেলা

**Website: www.khdc.gov.bd**

**পরিষদের আয়ের প্রধান উৎস ৩টি :-**

১) পরিষদ কর্তৃক ধার্যকৃত কর, রেইট, টোল ফিস এবং অন্যান্য দাবী বাবদ প্রাপ্ত অর্থ;

২) পরিষদের উপর ন্যস্ত এবং তৎকর্তৃক পরিচালিত সকল সম্পত্তি হতে প্রাপ্ত আয় বা মুনাফা; এবং

৩) সরকার বা অন্যান্য কর্তৃপক্ষের অনুদান।

**২০১৭-২০১৮ অর্থবছরের বাজেট:-**

**পার্বত্য চট্টগ্রামের স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা" (প্রকল্প কোড নং ৭০২০) কর্মসূচী :**
**বরাদ্দ- ২৬৪০.০০ লক্ষ টাকা।**

| ক্রমিক নং | খাতের নাম | প্রকল্পের সংখ্যা | | প্রাক্কলিত বরাদ্দ | জুন/১৮ পর্যন্ত আর্থিক অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ১ | কৃষি(বন, মৎস্য ও পশুসম্পদ) | চলমান | ০৮টি | ২৮.০০ | ২৭.১৪৮৬০ |
| | | নতুন | -- | -- | -- |
| | | **মোট** | **০৮টি** | **২৮.০০** | **২৭.১৪৮৬০** |
| ২ | শিক্ষা | চলমান | ২৩টি | ২৬৯.০০ | ২৭১.৩৮৪৪১ |
| | | নতুন | -- | -- | -- |
| | | **মোট** | **২৩টি** | ২৬৯.০০ | ২৭১.৩৮৪৪১ |
| ৩ | যোগাযোগ | চলমান | ২৬টি | ১৮০.৯৫ | ১৭৩.৫৮৮৯১ |
| | | নতুন | -- | -- | -- |
| | | **মোট** | **২৬টি** | ১৮০.৯৫ | ১৭৩.৫৮৮৯১ |
| ৪ | সমাজকল্যাণ (ভৌত অবকাঠামো) | চলমান | ৩৬টি | ২৭৩.৭৯ | ২৮০.২২৫১৬ |
| | | নতুন | -- | -- | -- |
| | | **মোট** | **৩৬টি** | ২৭৩.৭৯ | ২৮০.২২৫১৬ |
| ৫ | ধর্ম | চলমান | ৬২টি | ৪৪৭.৪০ | ৪৩৪.২৪০৭৮ |
| | | নতুন | -- | -- | -- |
| | | **মোট** | **৬২টি** | ৪৪৭.৪০ | ৪৩৪.২৪০৭৮ |
| ৬ | অন্যান্য | চলমান | ৩৬টি | ৫০৬.১৩ | ৫১৩.০৪১৬৮ |
| | | নতুন | -- | -- | -- |
| | | **মোট** | **৩৬টি** | ৫০৬.১৩ | ৫১৩.০৪১৬৮ |
| ৭ | পানি ও পয়ঃপ্রণালী | চলমান | ০৬টি | ৩০.০০ | ৩৫.৬৪০৪৬ |
| | | নতুন | -- | -- | -- |
| | | **মোট** | **০৬টি** | ৩০.০০ | ৩৫.৬৪০৪৬ |
| | **মোট(উন্নয়ন)** | | **১৯৭টি** | **১৭৩৫.২৭** | **১৭৩৫.২৭০০** |
| | **রাজস্ব ব্যয়** | | -- | **৯০৪.৭৩** | **৯০৪.৭৩** |
| | **সর্বমোট** | | -- | **২৬৪০.০০** | **২৬৪০.০০** |

☎ চেয়ারম্যান ঃ ০৩৭১-৬১৬৩৩/৬১৪৪০, প্রধান নির্বাহী কর্মকর্তাঃ ০৩৭১-৬১৮৩২/৬১৮৩১, পিএবিএক্স ঃ ০৩৭১-৬১৯৩৪, ফ্যাক্স ঃ ০৩৭১-৬১৮৭৮, e-mail : ceokhdc@gmail.com

gণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি পার্বত্য জেলা

**Website: www.khdc.gov.bd**

**"পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা" (প্রকল্প কোড নং ৫০১০) কর্মসূচীঃ বরাদ্দ- ৪৪৭০.০০ লক্ষ টাকা।**

| ক্রমিক নং | খাতের নাম | প্রকল্পের সংখ্যা | প্রাক্কলিত বরাদ্দ | জুন/১৮ পর্যন্ত আর্থিক অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | শিক্ষা | ৬৪টি | ৯৫০.৫০০০ | ৯৬১.২২৩০৬ | |
| ২ | যোগাযোগ | ৭৫টি | ১৬০০.০০০০ | ১৬১০.৭২৭৪ | |
| ৩ | ভৌত অবকাঠামো | ৩০টি | ৫২৫.০০০০০ | ৫২১.৩১১২৮ | |
| ৪ | পানি ও পয়ঃপ্রণালী | ০৪টি | ১৫৭.০০০০০ | ১৫৬.৯৪৬৫০ | |
| ৫ | ধর্ম | ৮৫টি | ৭২০.৫০০০০ | ৭০২.৯১০৭৪ | |
| ৬ | সংস্কৃতি | ০২টি | ৩৫.০০০০০ | ৩৫.০০০০০ | |
| ৭ | কৃষি | ০৩টি | ১০৫.০০০০০ | ১০৪.৯৮০০০ | |
| ৮ | আয়বর্ধনমূলক | ০৯টি | ২৭৭.০০০০০ | ২১৫.০০০০০ | |
| ৯ | কর্মসংস্থান ব্যবস্থাকরণ | ০১টি | ৫০.০০০০০ | ৫০.০০০০০ | |
| ১০ | অন্যান্য | ০১টি | ৫০.০০০০০ | ৫০.০০০০০ | |
| | সর্বমোট | ২৭৪টি | ৪৪৭০.০০০০ | ৪৪৭০.০০০০ | |
| | | | | | |

**নতুন প্রকল্প**

**২০১৭-১৮ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কাজের বিবরণ :**

**সাম্প্রতিক অর্জন (২০১৭-২০১৮) :-** খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা ( কোড নং-৫০১০); পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা (কোড নং-৭০২০) ও নিজস্ব তহবিলের সহায়তায় নিমেণ বর্ণিত প্রকল্প সমূহ বাসত্মবায়িত হয়েছে।

**কৃষি (বন, মৎস্য ও পশু সম্পদ):-**

মোট প্রকল্প সংখ্যা ১০টি এর মধ্যে মৎস্য চাষের জন্য বাঁধ নির্মাণ ৭৫মি:, ক্ষুদ্র ক্ষুদ্র ফলদ বাগান সৃজন ২.৫০ হেক্টর, সেচ ড্রেন ১৩০মি:, পুকুর খনন প্রায় ১.৪০ হেক্টর।

শিক্ষা :-

মোট প্রকল্পের সংখ্যা ৪৩টি। শিক্ষা ব্যবস্থার উন্নয়নে লাইব্রেরী ০১টি, ছাত্রাবাস ০৩টি, স্কুল/কলেজ/মাদ্রাসা সম্প্রসারণ/সংস্কার/মেরামত ৩৯টি (৪৩৬৮ ব:মি:), ৭০০ জন ছাত্র-ছাত্রী শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে।

**যোগাযোগ:-**

মোট প্রকল্পের সংখ্যা ৭১টি এর মধ্যে ১৬.০০কি:মি: রাস্তা, ড্রেন ১৩০০ মি:, ০৫টি বক্সকালভার্ট, ইউ ড্রেন ১৩০০মি:, ব্রীজ ০৪টি(৮০মি:), ৯০০ মি: ধারক ওয়াল নির্মাণ করা হয়েছে।

☎ চেয়ারম্যান ঃ ০৩৭১-৬১৬৩৩/৬১৪৪০, প্রধান নির্বাহী কর্মকর্তাঃ ০৩৭১-৬১৮৩২/৬১৮৩১, পিএবিএক্স ঃ ০৩৭১-৬১৯৩৪, ফ্যাক্স ঃ ০৩৭১-৬১৮৭৮, e-mail : ceokhdc@gmail.com

**সমাজকল্যাণ (ভৌত অবকাঠামো):-**

মোট ১৫টি প্রকল্পের মধ্যে শিশু সদনের অনাথালয় ভবন নির্মাণ (৮০০ব:মি:), মহিলা সমিতি উন্নয়ন (৮৫০ব:মি:), ক্লাব/সংঘ, মা ও শিশু কল্যাণ সমিতি (১৭৫.০০ব:মি:) বাস্তবায়িত হয়েছে।

**ধর্ম:-**

___মোট প্রকল্প ৫৫টি এর মধ্যে মসজিদ উন্নয়ন ১২টি (১০৭৬৪ব:মি:), মন্দির উন্নয়ন ০৯টি (৭৫০ব:মি:), বৌদ্ধ মন্দির/বিহার উন্নয়ন ৩১টি (৩৭২০ব:মি:) বাসত্মবায়ন করা হয়েছে।

**পানি ও পয়ঃপ্রণালী:-**

বিভিন্ন উপজেলায় শুষ্ক মৌসুমে পানি ধারন করে রাখার জন্য ০২টি পুকুর খনন করে নিত্য ব্যবহার্য্য পানির সমস্যা নিরসন করা হইয়াছে।

উপরে বর্ণিত প্রকল্প বাসত্মবায়নের ফলে অত্র এলাকার শিক্ষা স্বাস্থ্য ও কৃষি ব্যবস্থার উন্নতিসহ অর্থনৈতিক উন্নয়নের হার বৃদ্ধি পেয়েছে, আর্ত-কর্মসংস্থান বৃদ্ধিসহ মানব সম্পদের উন্নয়ন হয়েছে, যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের ফলে মা ও শিশু মৃত্যুর হার ও অপুষ্টি হ্রাস পেয়েছে।

**১। তথ্য প্রযুক্তি উন্নয়ন :-**

২০১৭-১৮ অর্থবছরে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের Website (www.khdc.gov.bd)-এর ব্যপক উন্নয়ন সাধন করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে Website-এ সকল ধরনের নিয়োগ বিজ্ঞপ্তি, টেন্ডারসহ জনসম্পৃক্ত বিভিন্ন তথ্যাদি প্রকাশ করা হচ্ছে। পরিষদকে Wi-fi- নেটওয়ার্কের আওতায় নিয়ে আসা হয়েছে। পরিষদের কম্পিউটার ল্যাবে হস্তান্তরিত বিভাগসহ পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের মৌলিক কম্পিটার প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

**২। ইউএনডিপি-সিএইচটিডিএফ-এর অর্থায়নে পরিচালিত প্রকল্প :-**

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক ইউএনডিপি-সিএইচটিডিএফ-এর অর্থায়নে খাগড়াছড়ি পার্বত্য জেলায় প্রাথমিক শিক্ষা, স্বাস্থ্য, কৃষি এবং আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

**৩। সাংস্কৃতিক কর্মকান্ড :-**

পার্বত্য জনপদের ঐতিহ্যবাহী বৈসু-সাংগ্রাই-বিজু এবং বাংলা নববর্ষ বরণ অনুষ্ঠান, শান্তি চুক্তির বর্ষপূর্তি, বিভিন্ন আন্তর্জাতিক ও জাতীয় দিবস এবং অন্যান্য দিবসসমূহ ব্যাপক কর্মসূচী গ্রহণের মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে।

**৪। এনজিও কার্যক্রম সমন্বয় সাধন :-**

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক জারীকৃত পরিপত্র অনুযায়ী অত্র জেলার এনজিওসমূহের কার্যক্রম তত্ত্বাবধান ও মূল্যায়নের জন্য এ পরিষদের মাননীয় চেয়ারম্যানকে আহ্বায়ক এবং জেলা প্রশাসককে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যপরিধি অনুযায়ী প্রতি দুই মাস অন্তর সভা আহ্বান করে কার্যক্রম মূল্যায়ন ও তত্ত্বাবধান কাজ করা হয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরে মোট ৮টি সভা অনুষ্ঠিত হয়েছে।

**৫। পরিষদ সভা :**

পার্বত্য জেলা পরিষদের সকল গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত পরিষদ সভায় অনুমোদিত হয়ে থাকে। পরিষদসহ পরিষদের হস্তান্তরিত বিভাগ, ভূমি বন্দোবস্ত, নামজারী ইত্যাদি অনুমোদন এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ পরিষদ সভায় নেয়া হয়ে থাকে। ২০১৭-১৮ অর্থ বছরে পরিষদের মোট ২৭টি সভা অনুষ্ঠিত হয়েছে।

**৬। জেলা উন্নয়ন কমিটি :**

১৯৮৯ সনের ২৬ আগষ্ট মন্ত্রিপরিষদ বিভাগের এক পরিপত্র মূলে জেলার উন্নয়ন কার্যক্রম সমন্বয়ের জন্য জেলা প্রশাসকের সভাপতিত্বে পূর্বের বিদ্যমান জেলা উন্নয়ন সমন্বয় কমিটি এর নাম পরিবর্তন করে জেলা উন্নয়ন কমিটি রাখা হয় এবং তিন পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যানকে সভাপতি করা হয়। ২০১৭-১৮ অর্থ বছরে জেলা উন্নয়ন কমিটির মোট ১২টি সভা অনুষ্ঠিত হয়েছে। সরকারের নির্দেশনা অনুযায়ী এ কমিটি পূর্বের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির দায়িত্বসহ নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করে আসছে :-

১. এ জেলার সকল উন্নয়নমূলক কার্যাদির সহিত সম্পৃক্ত স্থানীয় কর্তৃপক্ষ সমূহের যথা: ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভার সাথে সামগ্রিক সমন্বয় ও মনিটরিং।
২. আন্ত:বিভাগ/সংস্থার উন্নয়নমূলক কর্মসূচী ও প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে নিমিত্ত সমন্বয় সাধন।
৩. উন্নয়ন কর্মকান্ড ত্বরান্বিত করার লক্ষ্যে প্রকল্পসমূহ পরিদর্শন ও তদারকি এবং সমস্যাধি নিরসনকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
৪. উন্নয়নমূলক কর্মকান্ড ও প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং আর্থ-সামাজিক প্রভাব বিশ্লেষণ।

**৭। বাজার ফান্ড ব্যবস্থাপনা :**

বাজার ফান্ড কার্যালয় পার্বত্য জেলা পরিষদের নিয়ন্ত্রণে একটি হস্তান্তরিত বিভাগ এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান বাজার ফান্ড কার্যালয়ের প্রশাসক হিসেবে কাজ করেন। বাজার ফান্ড কার্যালয়ের অধীনে ২০১৭-১৮ অর্থবছরে ১টি নতুন বাজার স্থাপনসহ বর্তমানে ৩৫টি হাট-বাজার রয়েছে। পার্বত্য চট্টগ্রাম বাজার ফান্ড বিধিমালা- ১৯৩৭ অনুসারে বাজার ফান্ড কার্যালয় কর্তৃক হাট-বাজারসমূহ ইজারসহ সার্বিক ব্যবস্থাপনা করা হয়। ইজারালব্দ মোট আয় হতে ৫০% সংশ্লিষ্ট পৌরসভায় এবং ৩৫% সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ সমূহে কমিশন হিসেবে প্রদান করা হয়। প্রতিটি বাজার ব্যবস্থাপনার জন্য একজন করে বাজার চৌধুরী নিয়োজিত আছেন, বাজার চৌধুরীগণও ইজারালব্দ আয়ের ১০% কমিশন পেয়ে থাকেন, অবশিষ্ট অর্থে বাজার ফান্ডের সংস্থাপন ব্যয় ও বাজারের উন্নয়ন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পার্বত্য জেলা পরিষদ**
খাগড়াছড়ি পার্বত্য জেলা
**Website: www.khdc.gov.bd**

৮। সমস্যাবলী :

১. তিন পার্বত্য জেলায় আলাদা প্রশাসনিক ব্যবস্থা থাকলেও সরকার তথা বিভিন্ন মন্ত্রণালয় হতে অনেক সময় দেশের অপরাপর ৬১ জেলার ন্যায় কার্যক্রম পরিচালনা করা হয়ে থাকে।
২. পার্বত্য জেলার উন্নয়নে সরকার আন্তরিক হলেও বিভিন্ন সংস্থার মাধ্যমে তা বাস্তবায়ন করায় সমন্বয়হীনতা দেখা দিচ্ছে।
৩. পার্বত্য জেলা পরিষদ জেলার উন্নয়নের কেন্দ্র বিন্দু হলেও সরকার হতে বরাদ্দ প্রাপ্তির পরিমাণ প্রয়োজনের তুলনায় অপ্রতুল।
৪. পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যানের পদমর্যাদা উপমন্ত্রী হিসেবে ১ম চেয়ারম্যানের ক্ষেত্রে প্রযোজ্য হলেও উক্ত পদমর্যাদা পরবর্তীতে কার্যকর না থাকায় প্রশাসনিক কার্যক্রম পরিচালনায় সমস্যার সৃষ্টি হচ্ছে।
৫. পার্বত্য চট্টগ্রাম চুক্তি (শান্তি চুক্তি) মোতাবেক সরকার মোট ৩৩টি বিভাগ/বিষয়ের মধ্যে ইতোমধ্যে অধিকাংশ বিভাগ/বিষয় হস্তান্তরের প্রেক্ষাপটে পার্বত্য জেলা পরিষদের কার্যক্রম বৃদ্ধি পেলেও পর্যাপ্ত সংখ্যক কর্মকর্তা/কর্মচারীর পদ সৃষ্টি করা হয়নি।

উপসংহার :

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এ জেলার সুবিধা বঞ্চিত ও অবহেলিত জনগণের আর্থ-সামাজিক উন্নয়নসহ সার্বিক উন্নয়নের জন্য অঙ্গীকারবদ্ধ। অন্যদিকে প্রতিষ্ঠানটি আর্থিকভাবে স্বাবলম্বী না হওয়ায় এবং পর্যাপ্ত লোকবলের অভাবে জনগণকে কাংখিত পর্যায়ে সেবা প্রদান করতে পারছে না। তাই পরিষদকে এর লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের নিমিত্ত সরকার কর্তৃক পর্যাপ্ত বরাদ্দ, বিভিন্ন সমস্যাবলী নিরসনসহ প্রয়োজনীয় লোকবল সৃষ্টি করা প্রয়োজন। তাছাড়া জেলা পরিষদ আইনের ২য় তফশীলে উল্লিখিত আরোপনীয় করসমূহের মধ্যে বনজ সম্পদের উপর রয়্যালিটির অংশ বিশেষ, খনিজ সম্পদের উপর (সেমুতাং গ্যাস ফিল্ড) রয়্যালিটির অংশ বিশেষ এবং ভূমি হস্তান্তর মূল্যের উপর কমপক্ষে ২% হারে কর ধার্য করে পরিষদকে আর্থিকভাবে স্বাবলম্বী করা যায়।

(টিটন খীসা)
মুখ্য নির্বাহী কর্মকর্তা (ভা:)
পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
☎০৩৭১-৬১৮৩১
E-mail: ceokhdc@gmail.com

১৮/০৩/১৮

## মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন 'ছক'

মন্ত্রণালয়/বিভাগের নাম : **পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।** আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা : প্রযোজ্য নহে।
প্রতিবেদনাধীন মাস : **২০১৭-২০১৮খ্রি.** প্রতিবেদন প্রস্তুতির তারিখ : **১৮ জুলাই, ২০১৮খ্রি.**

**(১) প্রশাসনিক :**

**১.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেট) :**

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছর ভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি। | ৭১টি | ৬০টি | ১১টি | -- | -- |

***অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।**

**১.২ শূন্য পদের বিন্যাস :**

| অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণী পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নহে | প্রযোজ্য নহে | ০৪(চার)টি | ০১(এক)টি | ৩(তিন)টি | ৩ (তিন)টি | ১১(এগার)টি |

১. ৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদশূন্য থাকলে তার তালিকা : চেয়ারম্যানের একান্ত সচিব, ভূমি কর্মকর্তা ও সহকারী প্রকৌশলী পদসহ -০৩টি।

১. ৪ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা। : **নাই**

**১.৫ অন্যান্য পদের তথ্য :**

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানারের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| প্রযোজ্য নহে | প্রযোজ্য নহে |

*কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

**১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান :**

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| নাই | নাই | শূন্য | নাই | নাই | শূন্য | শূন্য |

**১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে) :**

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিসট্যান্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | -- | -- | -- | |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | -- | -- | -- | |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে): প্রযোজ্য নহে

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিসট্যান্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| -- | -- | -- | -- | -- |

***কতদিন বিদেশে ভ্রমণ করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে :**

**(২) অডিট আপত্তি :**

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য(০১জুলাই ২০১৭ থেকে ৩০ জুন, ২০১৮ পর্যন্ত) : *(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| ক্রমিক | মন্ত্রণালয়/বিভাগ সমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১। | **খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ** | ৩৮৪টি | ৩৩.৭৮০১ | -- | ২৪৯টি | ১৪.৭৬৮৩ | ১৩৫টি | ১৯.০১৮ |
| ২। | **খাগড়াছড়ি বাজার ফান্ড সংস্থা** | ০৮টি | ০.৪৫৪৩ | -- | ০৩টি | ০.০৯২৫ | ০৫টি | ০.৩৬১৮ |
| | **সর্বমোট=** | ৩৯২টি | ৩৪.২৩৪৪ | -- | ২৫২টি | ১৪.৮৬০৮ | ১৪০টি | ১৯.৩৭৯৮ |

২.২. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেস সমূহের তালিকা :

**(৩) শৃংখলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা) :**

| প্রতিবেদনাধীন অর্থ বছরে (২০১৭-২০১৮) মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা সমূহের পুঞ্জিভুত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বৎসরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিস্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরীচ্যুত/বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| নাই | নাই | নাই | নাই | নাই | নাই |

**(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত) : নাই**

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| নাই | নাই | নাই | নাই | নাই |

(৫) মানবসম্পদ উন্নয়ন

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ : **(০১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত) :**

| প্রশিক্ষণ কর্মসূচীর মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ১৩ | ২২০ |

| | | | |
|---|---|---|---|
| ৫.২ | মন্ত্রণালয়/অধিদপ্তরে কর্তৃক পূর্ববতী বছরে (২০১৭-২০১৮) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা | : | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির উপর প্রশিক্ষণ ও ই-ফাইলিংয়ের উপর। |
| ৫.৩ | প্রশিক্ষণ কর্মসূচীতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা | : | নাই |
| ৫.৪ | মন্ত্রণালয়ের অন দ্য জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কিনা; না থাকলে অন দ্য জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না | : | নাই |
| ৫.৫ | প্রতিবেদনাধীন অর্থবছরে : **(০১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত)** প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা | : | ২১জন |

**(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত):**

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ৩৩ | ১২৬২ |

**(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (০১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত) :**

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা সমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কিনা | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা সমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারী |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৩০টি | হ্যাঁ | হ্যাঁ | হ্যাঁ | ১০ | ২০ |

**(৯) প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট :**

| | | | |
|---|---|---|---|
| ৯.১ | প্রতিবেদনাধীন অর্থ বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা | : | নাই |
| ৯.২ | প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী | : | খাগড়াছড়ি জেলার স্থায়ী অধিবাসীদের মধ্য থেকে দেশের বিভিন্ন স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত মেধাবী ছাত্র/ছাত্রীদের উচ্চ শিক্ষা বৃত্তি প্রদান এবং খাগড়াছড়ি পার্বত্য জেলার ৪র্থ শ্রেণী ও ৭ম শ্রেণীর ছাত্র/ছাত্রীদের জেলা পরিষদ বৃত্তি পরীক্ষা গ্রহণ করা হয়েছে। এছাড়া পরিষদের জনবল বৃদ্ধির লক্ষে সাংগঠনিক কাঠামো পরিবর্তন পূর্বক ৭১ জন জনবল থেকে (৭১+৬১)=১২৩ জনে উন্নীত করার বিষয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৯.৩ | ২০১৭-২০১৮ অর্থ বছরে মন্ত্রণালয়ের কর্মকান্ড সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সংকটের আশঙ্কা করা হলে তার বিবরণ (সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সঙ্কট উল্লেখের প্রয়োজন নেই; উদাহারণ; পদ সৃজন, শূন্যপদ পূরণ ইত্যাদি) | : | নাই |

**(১০) মন্ত্রণালযের উদ্দেশ্য সাধন সংক্রান্ত :**

| | | | |
|---|---|---|---|
| ১০.১ | ২০১৭-২০১৮ অর্থ বৎসরের কার্যাবলীর মাধ্যমে মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলী সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি? | : | হ্যাঁ |
| ১০.২ | উদ্দেশ্যাবলী সাধিত না হয়ে থাকলে তার কারণ সমূহ | : | প্রযোজ্য নহে |
| ১০.৩ | মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলী আরো দক্ষতা ও সাফল্যের সাথে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ। | : | প্রযোজ্য নহে |

(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত :

১৫.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত)

| প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা ও নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে বরাদ্দ(কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| সর্বমোট= ৪৭১ টি। নতুন প্রকল্পের সংখ্যা = ৩৫৫ টি। | কোড নং- ৭০২০=২৬৪০.০০<br>কোড নং-৫০১০=৪৪৭০.০০ | কোড নং-৭০২০=২৬৪০.০০(১০০%)<br>কোড নং-৫০১০=৪৪৭০.০০(১০০%) | -- |

**১৫.২ প্রকল্পের অবস্থা (০১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত)**

| শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|---|
| **৩৫৫টি** | **সংযুক্তির মাধ্যমে দেওয়া গেল** | -- | -- |